
প্রেমিককে বিয়ের দাবিতে ১০০ ফুট উঁচু টাওয়ারে তরুণী, ভিডিও কলে বিবাহ



ছবি: সংগৃহীত

প্রেমিককে বিয়ের দাবিতে ভারতের উত্তর প্রদেশে প্রায় ১০০ ফুট উঁচু মোবাইল টাওয়ারে উঠে পড়েন ১৯ বছর বয়সী এক তরুণী। পরিবারের সম্মতি না পাওয়া পর্যন্ত নিচে নামতে রাজি ছিলেন না তিনি। শেষ পর্যন্ত প্রেমিকের সঙ্গে ভিডিও কলে নিকাহ সম্পন্ন হওয়ার পর টাওয়ার থেকে নেমে আসেন ওই তরুণী।

ভারতীয় সংবাদমাধ্যম হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, উত্তর প্রদেশের বাহরাইচ জেলায় এ ঘটনা ঘটে। তরুণীর নাম সাহিবা বেগম, যিনি মেহেক নামেও পরিচিত। নূরুদ্দিন (২১) নামের এক তরুণের সঙ্গে সম্পর্কের বিষয়ে মায়ের সঙ্গে বিরোধের জেরে তিনি টাওয়ারে ওঠেন।

প্রতিবেদনে বলা হয়, মেহেক ও নূরুদ্দিন একে অপরকে বিয়ে করতে চাইলেও তাঁদের পরিবারের সদস্যরা সম্পর্কটি মেনে নেননি। ঘটনার সময় নূরুদ্দিন কাজের প্রয়োজনে প্রায় এক হাজার কিলোমিটার দূরে মুম্বাইয়ে ছিলেন।

টাওয়ারে ওঠার পর মেহেককে নিচে নামাতে পরিবারের সদস্য, গ্রামবাসী ও পুলিশ চেষ্টা চালান। কিন্তু প্রায় চার ঘণ্টা ধরে তিনি টাওয়ারের ওপর অবস্থান করেন। দাবি পূরণ না হলে সেখান থেকে লাফ দেওয়ার হুমকিও দেন তিনি।

পরিস্থিতি নিয়ন্ত্রণে ঘটনাস্থলে নারী পুলিশ সদস্যসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা পৌঁছান। তাঁরা মেহেককে শান্ত করার চেষ্টা করেন। একই সঙ্গে নূরুদ্দিনের সঙ্গে যোগাযোগ করে দুই পরিবারের বিরোধ মেটানোর উদ্যোগ নেওয়া হয়।

একপর্যায়ে স্থানীয় এক মুসলিম ধর্মীয় নেতা ভিডিও কলের মাধ্যমে তাঁদের নিকাহ সম্পন্ন করেন। মুম্বাই থেকে ভিডিও কলে যুক্ত হন নূরুদ্দিন। বিয়ের আনুষ্ঠানিকতা শেষ হওয়ার পর টাওয়ার থেকে নামতে সম্মত হন মেহেক। পরে নারী পুলিশ সদস্যরা তাঁকে নিরাপদে নিচে নামিয়ে আনেন।

প্রতিবেদন অনুযায়ী, ঘটনার পর পুলিশ মেহেক ও তাঁর পরিবারের সদস্যদের কাউন্সেলিংয়ের জন্য থানায় নিয়ে যায়। পরে মেহেককে তাঁর মায়ের সঙ্গে বাড়িতে পাঠানো হয়।

ঘটনাটি দেখতে টাওয়ারের আশপাশে বহু গ্রামবাসী জড়ো হন। পরিবারের আপত্তি ও বিয়ের সিদ্ধান্ত নিয়ে বিরোধের জেরে তৈরি হওয়া পরিস্থিতির অবসান ঘটে ভিডিও কলে নিকাহ সম্পন্ন হওয়ার মধ্য দিয়ে।

সূত্র: হিন্দুস্তান টাইমস, জিও টিভি